অতি জরুরি
নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২০.০০৯.০২৭.২১-৫৮ তারিখঃ ০১-০২-২০২৪ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

১২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে দ্বাদশ জাতীয় সংসদের ৪৭ নওগাঁ-২ আসনে নির্বাচন অনুষ্ঠিত হবে। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী অনুষ্ঠিতব্য নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ১১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ১২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবেঃ

(১) ট্যাক্সি ক্যাব (২) পিক আপ (৩) মাইক্রোবাস (৪) ট্রাক

০২। সে সাথে ১০ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ১৩ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।

০৩। উপরিল্লিখিত নিষেধাজ্ঞা নিম্নবর্ণিত ক্ষেত্রে শিথিলযোগ্য হবেঃ

(ক) আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতিপ্রাপ্ত পর্যবেক্ষক;

(খ) জরুরি সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহণকারী সকল ধরনের যানবাহন;

(গ) আত্মীয়-স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমানবন্দর হতে যাত্রী বা আত্মীয়-স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়-স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকেট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসাবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যে কোন যানবাহন;

(ঘ) প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য ১টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনি এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/পরিচয়পত্র থাকা সাপেক্ষে) এর জন্য ১টি গাড়ী (জীপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন) রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়ীতে স্টীকার প্রদর্শন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান;

(ঙ) সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরি কোন কাজে ব্যবহৃত মোটর সাইকেল রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান;

(চ) নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনি কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারি অথবা অন্য কোন ব্যক্তির জন্য মোটরসাইকেল চলাচলের অনুমতি প্রদান;

(ছ) জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ছাড়াও আন্তঃজেলা বা মহানগর থেকে বাহির বা প্রবেশের জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তায় নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন; এবং

(জ) এছাড়া, স্থানীয় প্রয়োজনীয়তা ও বাস্তবতার নিরীখে জেলা ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক কতিপয় যানবাহনের উপর নিষেধাজ্ঞা আরোপ অথবা শিথিল করার বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ।

০৪। এমতাবস্থায়, উল্লিখিত যানবাহনসমূহ চলাচলের উপর বর্ণিত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপ অথবা শিথিলের জন্য সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট/মেট্রোপলিটন পুলিশ কমিশনার'কে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হলো।

০৫। এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য এবং প্রয়োজনবোধে জনসাধারণের অবগতির জন্য ট্রাফিক সাইন প্রদর্শনের নিমিত্ত জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(অপর পাতায় দ্রষ্টব্য)

০৬। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং প্রয়োজনে স্থানীয় কর্তৃপক্ষকে এ নিষেধাজ্ঞা সম্পর্কে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

০১/০২/২০২৪
মোঃ জসিম উদ্দিন
সহকারী সচিব
ফোনঃ ৫৫১০০৪৫১
ইমেইলঃ sasbrtae@rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২০.০০৯.০২৭.২১-৫৮/১(২৯) তারিখঃ ০১-০২-২০২৪ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২. সিনিয়র সচিব, ............................................(সংশ্লিষ্ট) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ।
০৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
০৪. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
০৫. সচিব ............................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
০৬. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (এর সাথে তাঁর ২৮-০১-২০২৪ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.২৩(অংশ-১০)-১৩৮ সংখ্যক স্মারকের যোগসূত্র রয়েছে)।
০৭. চেয়ারম্যান (গ্রেড-১), বিআরটিএ, সদর কার্যালয়, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা **(এ বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।**
০৮. মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/আনসার ও ভিডিপি/ র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা।
০৯. প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. বিভাগীয় কমিশনার, রাজশাহী।
১১. উপ-মহাপুলিশ পরিদর্শক, ............................(সংশ্লিষ্ট)
১২. মেট্রোপলিটন পুলিশ কমিশনার, ............................(সংশ্লিষ্ট)
১৩. মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
১৪. জেলা প্রশাসক, নওগাঁ ও রিটানিং অফিসার।
১৫. পুলিশ সুপার, নওগাঁ।
১৬. উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ ও সহকারী রিটার্নিং অফিসার।
১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, নওগাঁ।
১৮. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১৯. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশকরতঃ গেজেটের কপি জরুরিভিত্তিতে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।**
২০. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
২১. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, নওগাঁ।
২২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২৩. নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২৪. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, নওগাঁ।
২৫. জেলা তথ্য অফিসার, নওগাঁ।
২৬. উপজেলা/থানা নির্বাচন অফিসার, নওগাঁ।
২৭. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ **(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
২৮. অফিসার ইন-চার্জ, নওগাঁ থানা।

সিনিয়র সিস্টেম এনালিষ্ট
ডায়রি নং ১০৪
তারিখ ০৪/০২/২৪
AP.